# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 06.06.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) বিজেপি-র নেতৃত্বে শনিবার নতুন সরকার গঠন করতে চলেছে এন ডি এ। এই নিয়ে টানা তৃতীয়বার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদী।

২) মানুষের রায় মেনে নিয়ে ইন্ডি জোট ফ্যাসিবাদী শাসনের বিরোধিতার পাশাপাশি সঠিক সময়ের অপেক্ষা করবে বলে নতুন দিল্লিতে বৈঠকের পর কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে জানিয়েছেন।

৩) দলের নব নির্বাচিত সাংসদ ও বিধায়কদের সঙ্গে শনিবার বৈঠকে বসবেন তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) লোকসভা ভোটের ফল ঘোষণার পর থেকেই জেলায় জেলায় হিংসার খবর পাওয়া যাচ্ছে।

৫) এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল আজ প্রকাশিত হচ্ছে।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে বিশ্বকাপের যোগ্যতা নির্ণায়ক পর্বে ভারত আজ কুয়েতের মুখোমুখি হচ্ছে।

ভারতের হয়ে আজই নিজের শেষ ম্যাচ খেলতে নামছেন সুনীল ছেত্রী।

oooooooooooooooooooooo

এন ডি এ নেতৃবৃন্দ সর্ব সম্মতভাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে তাদের নেতা নির্বাচিত করেছেন। তাঁর হাতে নতুন সরকার গঠনে সমর্থনের চিঠি তুলে দেন জোটের শরিকরা। গতকাল নতুন দিল্লিতে এন ডি এ-র বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। তাতে বলা হয়েছে, শ্রী মোদীর নেতৃত্বে এন ডি এ সরকারের গত ১০ বছরের শাসনকালে প্রতিটি ক্ষেত্রে সার্বিক উন্নয়নের সাক্ষী হয়েছে ভারত। দেশের মানুষ ৬ দশক পর টানা তৃতীয়বারের জন্য এক বলিষ্ঠ নেতৃত্বকে নির্বাচিত করেছে।

প্রধানমন্ত্রী মোদী বলেন, পরপর তৃতীয়বার সরকার গড়ার জন্য এ এক ঐতিহাসিক ফলাফল। বৈঠকে স্হির হয়, দেশের সর্বাত্মক উন্নয়নে কাজ করবে এন ডি এ সরকার। সারা বিশ্বে ভারতের গৌরব বৃদ্ধিতে প্রধানমন্ত্রীর ভূমিকার ভয়সী প্রশংসা করেন এন ডি এ নেতৃবৃন্দ। নতুন দিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে এই বৈঠকে শ্রী মোদী, বিজেপি সভাপতি জে পি নাড্ডা, রাজনাথ সিং, অমিত শাহ্ ছাড়াও উপস্হিত ছিলেন  টিডিপি প্রধান এন চন্দ্রবাবু নায়ডু, জনতা দল ইউনাইটেড প্রধান বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার, শিব সেনার শিন্ডে গোষ্ঠীর নেতা মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে, এল জে পি রামবিলাস দলের চিরাগ পাসোয়ান, আপনা দলের অনুপ্রিয়া প্যাটেল, আর এল ডি প্রধান জয়ন্ত চৌধুরী, জে ডি এস-এর HD কুমারাস্বামী প্রমুখ।

আগামীকাল বিজেপি সংসদীয় দল, শ্রী মোদীকে নেতা নির্বাচনের জন্য বৈঠকে বসবে বলে খবর।

শনিবার টানা তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শ্রী মোদী শপথ নিতে পারেন।

গতকাল রাষ্ট্রপতি ভবনে গিয়ে প্রধানমন্ত্রী মোদী তাঁর ও মন্ত্রিপরিষদের ইস্তফা পত্র রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাতে তুলে দেন। শ্রী মোদী ও তাঁর মন্ত্রিসভাকে আপাতত কাজ চালিয়ে যেতে বলেন রাষ্ট্রপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের লোকসভা নির্বাচনের ফল নির্ণায়কভাবে নরেন্দ্র মোদীর বিরুদ্ধে এবং তাঁর কাজের ধরণ ও রাজনীতির বিরুদ্ধে বলে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে মন্তব্য করেছেন। নতুন দিল্লিতে তাঁর বাসভবনে ভবিষ্যৎ রণকৌশল স্থির করার জন্য বিরোধী আই এন ডি আই এ জোটের নেতৃবৃন্দ গতকাল সন্ধ্যায় বৈঠকে বসেন। শ্রী খার্গে ছাড়াও উপস্থিত ছিলেন, সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী ভঢরা, শরদ পাওয়ার, এম কে স্ট্যালিন, চম্পাই সোরেন, অখিলেশ যাদব, অভিষেক ব্যানার্জী, তেজস্বী যাদব, সীতারাম ইয়েচুরি সহ ২৭-টি শরিক দলের নেতারা।

শ্রী খার্গে জানান, ইন্ডি জোট আপাতত সঠিক সময়ের অপেক্ষা করবে।

(বাইট – খার্গে)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সপ্তদশ লোকসভা ভেঙে দিয়েছেন। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে তাঁকে অবিলম্বে সপ্তদশ লোকসভা ভেঙে দেওয়ার পরামর্শ দেওয়া হয়। নতুন দিল্লিতে প্রধানমন্ত্রীর আবাসে গতকালের এই বৈঠকে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, নীতিন গড়করি, রাজনাথ সিং প্রমুখ। কেন্দ্রে নতুন সরকার গঠনের দাবি নিয়ে সেখানে আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে।

এদিকে, রাষ্ট্রপতি ভবনে গতকাল মন্ত্রিসভার বিদায়ী সদস্যদের জন্য নৈশভোজের আয়োজন করেছেন শ্রীমতি মুর্মু।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নব নির্বাচিত সাংসদ ও পরাজিত প্রার্থীদের সঙ্গে ভগবানগোলা এবং বরাহনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে জয়ী দুই বিধায়ককে নিয়ে তৃনমূল কংগ্রেস বৈঠকে বসতে চলেছ। দলের প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে শনিবার তাঁর কালীঘাটের বাড়িতে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে দলের রাজ্যসভার সাংসদদেরও আমন্ত্রন জানানো হয়েছে। শুভেচ্ছা জানানোর পাশাপাশি আগামী দিনে নবনির্বাচিত সাংসদদের ভূমিকা কি হবে তা নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। এইদিকে নির্বাচনে যে সব আসনে দল পরাজিত হয়েছে তার কারন খুঁজতে দলের তরফে প্রতিটি বিধানসভা কেন্দ্রের বুথ স্তর থেকে ফলাফলের রিপোর্ট সংগ্রহের কাজ শুরু হয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের লোকসভা নির্বাচনে এরাজ্য থেকে ১১ জন মহিলা প্রার্থী নির্বাচিত হয়েছেন। আরামবাগে - মিতালী বাগ, বারাসাতে - কাকলি ঘোষদস্তিদার, বর্ধমান পূর্বে - ডাক্তার শর্মিলা সরকার, বীরভূমে - শতাব্দী রায়, হুগলীতে - রচনা ব্যানার্জী, যাদবপুরে – সায়নী ঘোষ, জয়নগরে - প্রতিমা মন্ডল, দক্ষিণ কলকাতায় মালা রায়, কৃষ্ণনগরে মহুয়া মৈত্র, মেদিনীপুরে জুন মালিয়া এবং উলুবেড়িয়ায় সাজদা আহমেদ। সকলেই তৃণমূল কংগ্রেসের।

এদের মধ্যে মিতালি বাগ, শর্মিলা সরকার, সায়নী ঘোষ, রচনা ব্যানার্জী ও জুন মালিয়া এবার প্রথম লোকসভায় নির্বাচিত হলেন।

এবার মোট ৭১ জন মহিলা রাজ্যের ৪২-টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন।

২০১৯-এ এই রাজ্য থেকে **১১** জন মহিলা প্রার্থী নির্বাচিত হয়েছিলেন। এদের মধ্যে ৯ জন ছিলেন তৃণমূল কংগ্রেসের ও দু-জন বিজেপি-র।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে দারুণভাবে জয় পেলেও রাজ্যের বাইরে প্রার্থী দেওয়া সবকটি আসনে পরাজিত হয়েছেন তৃণমূল কংগ্রেস প্রার্থীরা। উত্তরপ্রদেশের ভাদোহি আসন তৃণমূল কংগ্রেসকে ছেড়েছিল সমাজবাদী পার্টি। সেখানে পরাজিত হয়েছেন, তৃণমূল প্রার্থী। অসমে বরপেটা, শিলচর, কোকরাঝাড়, লখিমপুর – এই চার আসনে হেরে গেছেন তৃণমূল প্রার্থীরা। মেঘালয়ের তুরা আসনেও হেরেছেন তৃণমূল কংগ্রেস প্রার্থী।

oooooooooooooooooooooo

এদিকে, বর্ধমান – দুর্গাপুর লোকসভা আসনে পরাজিত বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ বলেছেন, দলের কোথায় ফাঁক থেকে গেছে তা খতিয়ে দেখা দরকার।

(বাইট – দিলীপ)

অন্যদিকে, পুরুলিয়া আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থীর পরাজয়ের দায় স্বীকার করে দলীয় পদে ইস্তফা দিয়েছেন, তৃণমূলের শহর সভাপতি প্রদীপ দাগা। জেলা সভাপতির কাছে গতকাল ইস্তফাপত্র পাঠিয়ে দেন তিনি।

পুরুলিয়া শহরে বিজেপি প্রায় ২৯ হাজার ভোটে লিড পেয়েছে।

oooooooooooooooooooooo

লোকসভা ভোটের ফল ঘোষণার পর থেকেই জেলায় জেলায় হিংসার খবর পাওয়া যাচ্ছে।

নদীয়ার চাপড়ায় খুন হয়েছেন এক তৃণমূল কংগ্রেস কর্মী। মসলেম শেখ নামে ওই ব্যক্তির দেহ মাধবপুরের জয়দেব পল্লীর একটি মদের দোকানের পেছন থেকে উদ্ধার হয়। মসলেমের বিরুদ্ধে অপরাধমূলক কার্যকলাপের অভিযোগ আছে।

কোচবিহার জেলার মাথাভাঙা ও ডাওয়াগুড়ি এলাকায় হামলা ও বাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে বিজেপি আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। তাদের কয়েকজনকে প্রকাশ্যে বন্দুক হাতে দাপিয়ে বেড়াতে দেখা যায় বলেও অভিযোগ।

অন্যদিকে, দিনাহাটার গীতালদহে বিজেপি কর্মীদের বাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

বিজেপি পরিচালিত ভ্যাটাগুড়ি এক ও দু নম্বর গ্রাম পঞ্চায়েতের অফিসে তালা ঝুলিয়ে দেন পঞ্চায়েতেরই এক তৃণমূল কংগ্রেস সদস্য।

বর্ধমান শহরের ৩৩ নম্বর ওয়ার্ডের ষাড়খানা গলিতে বিজেপি-র নেতৃত্বাধীন বেশ কয়েকজন তৃণমূল কংগ্রেস সমর্থকদের বাড়িতে হামলা

চালায় বলে অভিযোগ। চলে ভাঙচুর। বিজেপি হামলায় জড়িত থাকায় অভিযোগ অস্বীকার করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার গোসাবার শম্ভুনগর গ্রাম পঞ্চায়েত এলাকায় দুই তৃণমূল কর্মীকে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে তৃণমূলের অপর গোষ্ঠীর বিরুদ্ধে। ঘটনায় গুরুতর জখম হয়েছেন শম্ভুনগর গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সদস্য খোকন হালদার ও স্থানীয় তৃণমূলের বুথ সভাপতি তাপস বিশ্বাস। অভিযোগের আঙ্গুল এলাকার তৃণমূল নেতা তথা শম্ভুনগর অঞ্চল সভাপতি পরিতোষ হালদারের বিরুদ্ধে। পুলিশ দুই ব্যক্তিকে আটক করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম থানা এলাকার টাকাপুরাতে গতরাতে বোমা বিস্ফোরণে দুই বিজেপি কর্মী আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে ঘনাস্থলে বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার হয়েছে। আহতরা তমলুক হাসপাতালে চিকিৎসাধীন।

০০০০০০০০০০০০০০০০০০০

এবছরের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল আজ প্রকাশিত হচ্ছে।

রাজ্যে ইঞ্জিনিয়ারিং / টেকনোলজি/ আর্কিটেকচার ও ফার্মেসি বিভাগের স্নাতক স্তরের ভর্তির জন্য এই পরীক্ষা নেওয়া হয়। দুপুর আড়াইটেয় সল্টলেকের West Bengal Joint Entrance Examinations Board এর কার্যালয়ে সাংবাদিক বৈঠকে এই ফল প্রকাশ করা হবে। ওয়েবসাইটে

ফল দেখা যাবে বিকেল ৪ টে থেকে। wbjeeb.nic.in ও wbjeeb.in এ রেজাল্ট পাওয়া যাবে বলে বোর্ডের রেজিস্ট্রার ডক্টর দিব্যেন্দু কর জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিটে গুলিবিদ্ধ হয়ে দুই প্রাক্তন ছাত্রের মৃত্যুর প্রায় ৬ বছর পর আদালতের নির্দেশে এন আই এ-র তদন্তকারী দল গতকাল সেখানে যায়। ২০১৮-র সেপ্টেম্বরে শিক্ষকের দাবিতে আন্দোলনরত জনতার সঙ্গে পুলিশের সংঘর্ষে দাড়িভিট হাইস্কুলের ওই দুই প্রাক্তন পড়ুয়া তাপস বর্মন ও রাজেশ সরকার নিহত হন। এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্য-রাজনীতি উত্তাল হয়ে ওঠে। পরে কলকাতা হাইকোর্ট, ঘটনার এন আই এ তদন্তের নির্দেশ দেয়। আজ দাড়িভিটের ঘটনাস্থল ঘুরে দেখেন তদন্তকারী দলের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০

১২ বগি ইএমইউ লোকাল চলাচলের সুবিধার জন্য শিয়ালদা স্টেশনে এক থেকে পাঁচ নম্বর প্ল্যাটফর্মের সংস্কারের কাজ চলছে। প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার পর, দ্বিতীয় পর্যায়ে ওভারহেড ও পয়েন্ট সহ বিভিন্ন কাজ শুরু হচ্ছে। প্রি-নন ইন্টারলকিং এবং নন ইন্টারলকিং-এর কাজ চলবে শুক্র, শনি ও রবিবার । এজন্য ওই পাঁচটি প্ল্যাটফর্মে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে বলে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের ডিআরএম দীপক নিগম গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

(বাইট – ডিআরএম)

এই কাজের জন্য শিয়ালদা নর্থ ও মেন শাখায় ট্রেন চলাচলের সময় পরিবর্তিত হবে।

চারজোড়া মেল এক্সপ্রেস সুপার ফাস্ট ট্রেন শিয়ালদার পরিবর্তে যাত্রা শুরু ও শেষ করবে কলকাতা স্টেশনে। শিয়ালদা লালগোলা প্যাসেঞ্জারও ছাড়বে কলকাতা স্টেশন থেকে।

১৪৭-টি ইএমইউ লোকাল দমদম জংশন ও দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে বলে জানিয়েছেন শ্রী নিগম।

oooooooooooooooooooo

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে আজ ভারত, কুয়েতের মুখোমুখি হচ্ছে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। ভারতের হয়ে আজই শেষ ম্যাচ খেলতে নামছেন অধিনায়ক সুনীল ছেত্রী। এই ম্যাচ ঘিরে কলকাতার ফুটবল সমর্থকদের মধ্যে উন্মাদনা তুঙ্গে। শেষবার ভারতের জার্সিতে সুনীল ছেত্রীকে দেখার জন্য উদগ্রীব ফুটবল প্রেমীরা। কোচ ইগর স্তিমাচ সহ দলের ফুটবলাররাও সুনীল ছেত্রীর শেষ ম্যাচ জয় দিয়ে স্মরণীয় করে রাখতে চান। গতকাল সাংবাদিক বৈঠকে সুনীল জানান, ম্যাচের আগে অবসর নিয়ে তিনি ভাবছেন না। নিজের সেরাটা দিয়ে দলকে জয় উপহার দেওয়াই তার লক্ষ্য। ভারত ৪ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে গ্রূপ এর দ্বিতীয় স্থানে আছে। সমসংখ্যক ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে আছে কুয়েত।

oooooooooooooooooooooooooooooooooooooooo